মিডিয়া ব্যারন রাঘব বহেলের বাড়িতে আয়কর হানা

নয়াদিল্লি, ১১ অক্টোবর : কর ফাঁকি সংক্রান্ত ঘটনায় মিডিয়া ব্যারন রাঘব বহেলের দিল্লির বাড়িতে বৃহস্পতিবার আয়কর হানা হয়। আয়কর দফতরের একাধিক কর্তা এই অভিযানে অংশ নেন। একেবারে সকাল সকালই নয়ডায় বহেলের বাড়িতে আয়কর দফতরের টিম পৌঁছে যায়। তখনও বহেল ও তাঁর প্রতিবেশীদের ঘুম ভাঙেনি। কার্যত আয়কর কর্তারাই এই অভিজাত এলাকার মানুষের ঘুম ভাঙায়। প্রসঙ্গত, রাঘব বহেলের বিরুদ্ধে আয়কর ফাঁকি দেওয়া নিয়ে মামলা চলছে। এই মামলার সঙ্গে সম্পর্কযুক্ত অন্যান্য তথ্য জানতেই আয়কর কর্তারা সকাল সকাল পৌঁছে যান মিডিয়া ব্যারন বহেলের বাড়িতে। বহেল ছাড়াও এদিন আরও কিছু ব্যক্তির বাড়িতে আয়কর অভিযান চালায়। একদল ব্যবসায়ীর বাড়িতেও কর ফাঁকি সংক্রান্ত বিষয়ে এই অভিযান চালানো হয়। প্রসঙ্গত, বহেল ক্যুইট নিউজ পোর্টাল এবং নেটওয়ার্ক ১৮ গ্রুপের প্রতিষ্ঠা করেছেন। তিনি একজন মিডিয়া এনটারনেইনার হিসাবে পরিচিত। দেশের মিডিয়া জগতে রাঘব বহেল অবশ্যই একটি নাম। তাঁর ঘনিষ্ঠ মহল থেকে অবশ্য এই আয়কর হানার পিছনে রাজনৈতিক অভিসন্ধিকেই দায়ী করা হয়েছে। বহেল নিজে অবশ্য আয়কর কর্তাদের অভিযান নিয়ে মুখে কুলুপ এঁটেছেন।

বোস থেকে সোনিয়া, গোপন ফাইল প্রকাশ্যে আনতে পুতিনের ওপর চাপ স্বামীর



নয়াদিল্লি, ১১ অক্টোবর : নেতাজি সুভাষচন্দ্র বোস এবং লালবাহাদুর শাস্ত্রী সম্পর্কে যাবতীয় গোপন ফাইল প্রকাশ্যে আনুন রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন। ভারতের সঙ্গে বন্ধুত্ব প্রমাণ করতে হলে পুতিনের এই দায় রয়েছে বলেও মনে করেন বিজেপির ফায়ারব্র্যান্ড সাংসদ সুব্রহ্মণ্যম স্বামী। তবে শুধু বোস এবং শাস্ত্রী নন, তিনি তথ্য জানতে চেয়েছেন কংগ্রেসের প্রাক্তন সভাপতি সোনিয়া গান্ধির সম্পর্কেও। কারণ সোনিয়া সম্পর্কে পুতিনের কাছে প্রচুর তথ্য রয়েছে বলে মনে করেন এই সাংসদ। কেন সোনিয়া সম্প্রতি দু'দুবার রাশিয়ায় যান, কেনই বা রুশ রাষ্ট্রপতির সঙ্গে দেখা করেন তা সকলকে জানানো উচিত বলে মনে করেন স্বামী। তাঁর দাবি, সোনিয়ার অতীত রেকর্ড ভালই জানা আছে পুতিনের। কারণ কংগ্রেস সভানেত্রীর বাবা ছিলেন রুশ গোয়েন্দা সংস্থা কেজিবি-র চর। তিনি এখন রাশিয়া এবং ভারত দু'দেশের হয়েই খেলছেন বলেও দাবি করেছেন এই বিজেপি সাংসদ। প্রসঙ্গত, ১৯৫৪ সাল পর্যন্ত কেজিবি ছিল তৎকালীন সোভিয়েত ইউনিয়নের প্রধান গুপ্তচর সংস্থা। ১৯৯১ সালে এই সংস্থা ভেঙে দেওয়া হয়।

সোনিয়া গান্ধি চলতি বছরের একটি সম্মেলনে যোগ দিতে রাশিয়া সফরে গিয়েছিলেন। সেই সময়ও স্বামী একাধিকবার ট্যুইট করে তাঁর রাশিয়া সফরের কারণ বর্ণনা করেন। কার্যত স্বামী প্রকাশ্যেই দাবি করেন, বেপরোয়া এই কংগ্রেস নেত্রী ২০১৯-এর সাধারণ নির্বাচনে কেজিবি যোগকে কাজে লাগানোর চেষ্টা করছেন। পুতিনকে তিনি ২০১৯-এ ভারতের সাধারণ নির্বাচনে রাশিয়া যাতে প্রভাব বিস্তার করে সেই অনুরোধই করেছেন। সোনিয়ার এই গোপন অনুরোধের কথা জানিয়ে স্বামী দাবি করেছেন, এই কারণে দেশের সব নাগরিকদেরই সতর্ক থাকা উচিত। গতমাসেই সুব্রহ্মণ্যম স্বামী দাবি করেন, প্রাক্তন রুশ রাষ্ট্রপতি যোসেফ স্ট্যালিন নেতাজি সুভাষচন্দ্র বোসের হত্যায় মাধ্যম ছিলেন হয়তো। ১৯৪৫-এ তাইহোকুতে বিমান দুর্ঘটনায় সুভাষের মৃত্যু হয়েছে বলে যেকথা বলা হয়, তা সবৈব মিথ্যা। কারণ বিমান দুর্ঘটনায় সুভাষের মৃত্যু হয়নি। স্বামী এই ভুল তথ্য প্রচার করার জন্য নেহরুর দিকে হাত তুলেছেন। হাত তুলেছেন জাপানিদের দিকেও। সুভাষচন্দ্র রাশিয়ায় আশ্রয় চেয়েছিলেন। তাকে সেই আশ্রয় দেওয়াও হয়েছিল। জওহরলাল নেহরু সব জানতেন। কিন্তু জেনেও তিনি কিছু করেননি, পরে বোসকে রাশিয়াতেই হত্যা করা হয়।

সুব্রহ্মণ্যম স্বামী দাবি করেছেন, পুতিন ভারতবন্ধু হিসেবে নিজের পরিচয় দেন, কিন্তু তিনি যদি সত্যি সত্যিই ভারতের বন্ধু হন, তবে তাঁর উচিত এখনই সুভাষচন্দ্র বসু ও লালবাহাদুর শাস্ত্রী সম্বন্ধে যাবতীয় গোপন তথ্য প্রকাশ করা। বোস ও শাস্ত্রী সম্পর্কে গোপন তথ্য প্রকাশই নয়, টেনে এনেছেন সোনিয়া গান্ধিকেও। তাঁর বাবা যে রুশ গোয়েন্দা সংস্থা কেজিবি-র গুপ্তচর ছিলেন সেই দাবিও করে, কেন সোনিয়া সম্প্রতি দু'দুবার মস্কো সফরে গিয়ে পুতিনের সঙ্গে দেখা করেন। তা জানাতেও কার্যত চাপ সৃষ্টি করেছেন রুশ রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিনের ওপর। প্রসঙ্গত, অতি সম্প্রতি পুতিন ভারত সফরে এসেছিলেন। বিজেপি বিরোধীদের একাংশের দাবি, সব জেনেই এতদিন কেন তিনি চুপ করেছিলেন? আর কেনই বা পুতিনের সফরের পরেই হঠাৎ করে সরব হলেন। ২০১৯-এর সাধারণ নির্বাচনে বিজেপির হয়ে হাওয়া তুলতেই তাঁর এই দাবি বলেও মনে করা হচ্ছে।



আগরতলায় বৃহস্পতিবার দুর্গাপুজোর প্যান্ডেলে ডেকরেশনের কাজ নিয়ে ব্যস্ত শিল্পী।

মন্দিরে মূর্তি প্রতিষ্ঠার অনুমতি না মেলায় ধর্মান্তরিত হওয়ার হুমকি একাধিক দলিত পরিবারের

মিরাট, ১১ অক্টোবর : দলিতদের বিভিন্ন ইস্যু নিয়ে সারা দেশে যখন আলোড়ন চলছে, ঠিক সেই সময়ই উত্তর প্রদেশের ৫০টি দলিত পরিবার ধর্মান্তরিত হওয়ার হুমকি দিল। ঘটনাটি ঘটে এই রাজ্যের মিরাট জেলার ইনচোলি গ্রামে। পুলিশ সূত্রে জানা গেছে, দলিত পরিবারগুলি স্থানীয় মন্দিরে কালীমূর্তি বসানোর অনুমতি চায়। কিন্তু গ্রামবাসীরা সেই অনুমতি তাদের দেননি। ফলে ক্ষুব্ধ দলিত পরিবারগুলি ধর্মান্তরিত হওয়ার হুমকি দিয়েছে। ইনচোলি গ্রামে দলিতদের প্রধান হিসেবে পরিচিত রাজকুমার দাবি করেছেন, হিন্দুরা যেভাবে তাদের বাধা দিচ্ছে, তাতে ধর্মান্তরিত হওয়াই ভাল। এই দাবির পরে রাজকুমার প্রশ্ন তুলেছেন, 'আমরাও তো হিন্দু। তবে কেন আমরা কালী মূর্তি মন্দিরে বসাতে পারব না? মন্দিরে জায়গা না দিলে কোথায় বসাব আমরা সেই মূর্তি? হিন্দুরা যদি আমাদের এই সামান্য সুযোগটুকুও না দেয়, তবে ধর্মান্তরিত হওয়াই ভাল।' এই স্পর্শকাতর বিষয়টি নিয়ে মুখ খুলেছেন মিরাট জেলার অতিরিক্ত জেলাশাসক রামচন্দ্র। তিনি দাবি করেছেন, বিক্ষুব্ধ দলিতরা অভিযোগ করেছেন, মন্দিরে মূর্তি বসানোর অনুমতি না দেওয়াতে তাঁরা ক্ষুব্ধ। যদিও তিনি নিজে তাঁদের দাবি সম্পর্কে অবগত ছিলেন না বলেও জানিয়েছেন রামচন্দ্র। এরপরই অবশ্য দলিতদের আশ্বাস দিয়ে অতিরিক্ত জেলাশাসক বলেছেন, বিষয়টি তদন্ত করে দোষীদের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা নেওয়া হবে। তবে দলিতরা যে ধর্মান্তরিত হতে চেয়েছেন, সেকথাও তাঁর জানা নেই বলে দাবি করেছেন রামচন্দ্র।

অতীতে বহুবার দলিতদের ধর্মান্তরিত হওয়ার ঘটনা এদেশের বিভিন্ন রাজ্যে ঘটে গেছে। উচ্চতর বর্ণহিন্দুরা নানা কারণে তাঁদের উপর প্রভাব বিস্তারের চেষ্টা করলে এবং তাঁদের বিভিন্ন সামাজিক দাবি মানতে অস্বীকার করলে ধর্মান্তরিত হওয়ার ঘটনাও ঘটেছে। কাজেই উত্তর প্রদেশের মিরাটে দলিত পরিবারগুলি কালীমূর্তি মন্দিরে বসাতে না দেওয়ার অভিযোগে যদি ধর্মান্তরিত হওয়ার হুমকি দেয় তবে তা খুব অস্বাভাবিক হবে না বলেই ধারণা বহু মানুষের। তাই এখন থেকেই সতর্ক পদক্ষেপ নিচ্ছে মিরাট প্রশাসন।

ভুল সিগন্যাল দেওয়ার অপরাধে সাসপেন্ড রেলের ২ অফিসার

নয়াদিল্লি, ১১ অক্টোবর : বুধবার সকাল ৬.১৫ মিনিট নাগাদ উত্তর প্রদেশের রায়বেরিলির কাছে ফরাক্কা-নয়াদিল্লি এক্সপ্রেসের ৯টি কামরা লাইনচ্যুত হয়। এই ঘটনায় মৃত্যু হয় ৭ জনের। ট্রেন লাইনচ্যুত হওয়ার কারণ হিসেবে জানা গেছে ভুল সিগন্যাল। রেলের ২ কর্মীকে ভুল সিগন্যাল দেওয়ার দায়ে কর্তৃপক্ষ সঙ্গে সঙ্গে সাসপেন্ড করেছেন। প্রসঙ্গত, ট্রেনটি পশ্চিমবঙ্গের মালদহ থেকে দিল্লি যাচ্ছিল। উৎসবের মরশুমে বহু বাঙালি পর্যটক ছিলেন এই ট্রেনে। উত্তর প্রদেশের রায়বেরিলির কাছে ট্রেনটি লাইনচ্যুত হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই রেল দুর্ঘটনায় মৃতদের পরিবারকে সমবেদনা জানিয়েছেন। আহতদের দ্রুত আরোগ্য কামনা করেছেন তিনি। কেন্দ্রীয় রেলমন্ত্রী পীযূষ গোয়েলও রেল প্রশাসনের সঙ্গে নিয়মিত যোগাযোগ রেখে চলেছেন। দুর্ঘটনাস্থলে দ্রুত ত্রাণ পৌঁছে দেওয়া হয়েছে। রেলমন্ত্রীর নির্দেশেই শুরু হয়েছে দ্রুত উদ্ধারকাজ। এছাড়া আহতদের সম্ভাব্য সবরকম চিকিৎসার সাহায্য দেওয়ার কথাও বলেছেন তিনি। প্রসঙ্গত, গতকালই এক রেলকর্তা বলেছিলেন, চালকের বয়ান রেকর্ড করা হচ্ছে। তা খতিয়ে দেখা হবে।

এই ঘটনায় ১০ মহিলা সহ ৬টি শিশুও আহত হয়েছে। দুর্ঘটনার ৪ ঘণ্টা পরেও ঠিক কতজনের মৃত্যু হয়েছে তা জানাতে পারেনি প্রশাসন। শেষ পর্যন্ত অবশ্য জানা যায় ৭ জনের মৃত্যুর কথা। আহতদের নিয়ে যাওয়া হয় রায়বেরিলির হাসপাতালে। পরে সেখান থেকে সংকটজনক রোগীদের পাঠানো হয় লখনউয়ের কিং জর্জ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ট্রমা সেন্টারে। আরও দু'জনকে পাঠানো হয় ওই শহরেরই সঞ্জয় গান্ধি পোস্ট গ্র্যাজুয়েট ইনস্টিটিউট অফ মেডিক্যাল সায়েন্সেসে। প্রসঙ্গত, নিউ ফরাক্কা এক্সপ্রেস লাইনচ্যুত হওয়ার ঘটনা চলতি বছরের দ্বিতীয় বৃহত্তম রেল দুর্ঘটনা। যোগী সরকারের পুলিশ এই রেল লাইনচ্যুত হওয়ার ঘটনার তদন্তের ভার দিয়েছে সন্ত্রাসবাদ বিরোধী স্কোয়াড বা এটিএসের উপর।

হিসারের আদালতে দু'টি হত্যা মামলায় অভিযুক্ত স্বঘোষিত ধর্মগুরু রামপাল



হিসার (হরিয়ানা), ১১ অক্টোবর : আবার অভিযুক্ত হলেন এক স্বঘোষিত ধর্মগুরু রামপাল। একটি নয়, দু'দুটি মামলায় হরিয়ানার হিসার আদালতে অভিযুক্ত হয়েছেন হিসারের সৎলোক আশ্রমের প্রতিষ্ঠাতা ৬৭ বছরের রামপাল। দু'টি ক্ষেত্রেই মহিলা সংক্রান্ত বিষয়ে জড়িয়ে গেছে রামপাল ও তাঁর আশ্রমের নাম। প্রথম ঘটনায় আশ্রম চত্বর থেকে পাওয়া যায় এক মহিলার মৃতদেহ। হত্যা ও ষড়যন্ত্র মামলায় রামপালের নাম। দ্বিতীয় মামলাটিতেও জড়িয়ে পড়ে পাঁচ মহিলা সহ এক শিশুর মৃত্যুর ঘটনা। প্রথম মামলাটির জেরে ২০০৬ সালের তিনি গ্রেফতার হন।

২০০৮ সালে জামিন পেয়ে জেল থেকে ছাড়া পান রামপাল। কিন্তু ২০১৪ সালের আগে আর তিনি আদালতে হাজির হননি। ২০১৪ সালে প্রথম মামলাটি আদালতে ওঠে। এই বছরই গ্রেফতার হন তিনি। রামপালকে পাঠানো হয় হিসার জেল আদালতে। তবে বৃহস্পতিবার রায়দানের আগে বাড়ানো হয় আদালত চত্বরের নিরাপত্তা। সেন্ট্রাল জেলের মধ্যে তৈরি করা হয় বিশেষ আদালত। সম্ভবত ডেরা সচা সওদা প্রধান বাবা রাম রহিমের শাস্তির দিন পাঁচকুলায় যেভাবে ভক্তরা ক্ষোভে ফেটে পড়েছিলেন এবং যার বলি হয়েছিলেন অসংখ্য মানুষ, সম্ভবত সেকথা ভেবেই নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়। বাড়তি ২০০০ কর্মী নিরাপত্তা কর্মী নিয়োগ করা হয় ওই এলাকায়। হিসারের পরিস্থিতি আপাতত স্বাভাবিক রয়েছে। যানবাহন চলাচলও করছে স্বাভাবিক গতিতে।

যদিও রামপালের ভক্তদের মতিগতির উপর আস্থা রাখতে না পেরে হিসার জেলাজুড়ে ১৪৪ ধারা জারি করা হয়েছে। জেলাশাসক অশোক কুমার মিনা জানিয়েছেন, রাজস্থান, পাঞ্জাব, মধ্যপ্রদেশ এবং হরিয়ানা থেকে হিসারগামী সব ট্রেন শাস্তি ঘোষণার আগেই থামিয়ে দেওয়া হবে। শহরের শান্তিশৃঙ্খলা পরিস্থিতির কথা ভেবেই জেলা প্রশাসন এই কাজ করতে বাধ্য হচ্ছে বলেও দাবি করেছেন তিনি। এছাড়া হিসার রেল স্টেশনেও নিরাপত্তা কঠোর করা হয়েছে। কঠোর করা হয়েছে সৎলোক আশ্রমের নিরাপত্তাও।

একের পর এক স্বঘোষিত ধর্মগুরুরা যেভাবে অভিযুক্ত হচ্ছেন, তাতে বিচলিত প্রশাসনও। অধিকাংশ ধর্মগুরুর বিরুদ্ধে অভিযোগ জমা পড়ছে মহিলা ভক্তদের কাছে। হয় তাদের যৌন হেনস্থা করা হচ্ছে, নচেৎ হত্যা করা হচ্ছে। এ পর্যন্ত এইসব অভিযোগে জেলে রয়েছেন ডেরা সচা সওদা প্রধান রাম রহিম, আসারাম বাপু ও তাঁর ছেলে, আশু মহারাজ, দাতি মহারাজ সহ অনেকেই। এবার সেই তালিকায় যুক্ত হতে চলেছে আর এক স্বঘোষিত ধর্মগুরু রামপাল।

বান্ধবীর খরচ চালাতে চুরি ইঞ্জিনিয়ারের

নয়াদিল্লি, ১১ অক্টোবর : গুগ্‌লের মতো পৃথিবীবিখ্যাত প্রতিষ্ঠানের ইঞ্জিনিয়ার হওয়া সত্ত্বেও বান্ধবীর খরচ মেটাতে চুরি করতে হল গরবিত সাহানিকে (২৪)। হরিয়ানার আম্বালার বাসিন্দা সাহানি পুলিশকে একথা জানিয়েছেন। প্রসঙ্গত, গত ১১ সেপ্টেম্বর আইবিএন এনএনসি-র সিনিয়র এক্সিকিউটিভদের তাজ প্যালেস হোটেলে একটি কনফারেন্স আয়োজন করে। কনফারেন্স চলাকালীনই দেবযানী জৈন নামে এক এক্সিকিউটিভ পুলিশের কাছে অভিযোগ করেন তাঁর হাতব্যাগ থেকে খোয়া গিয়েছে ১০ হাজার টাকা। হোটেলের সিসিটিভি ক্যামেরার ফুটেজ দেখে পুলিশ ধরে ফেলে সাহানিকে। তাঁর কাছ থেকে ৩০০০ টাকা উদ্ধার করতে পেরেছে পুলিশ। সাহানি পুলিশকে জানিয়েছে, বান্ধবীর খরচ মেটাতে অর্থ সংকটে ভুগছে সে।

মোদীকে ফের দুর্নীতিগ্রস্ত তকমা রাহুলের

নয়াদিল্লি, ১১ অক্টোবর : রাফাল ফাইটার জেট চুক্তি নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দিকে ফের বন্দুক তাক করলেন কংগ্রেস সভাপতি রাহুল গান্ধি। অর্থাৎ নরেন্দ্র মোদীকে আবারও তিনি দুর্নীতিগ্রস্ত তকমা দিলেন এবং প্রশ্ন তুললেন, কেন রাফাল চুক্তি নিয়ে এখনও নীরব প্রধানমন্ত্রী। প্রসঙ্গত, বুধবারই নরেন্দ্র মোদীকে দুর্নীতিগ্রস্ত আখ্যা দিয়ে বলেছিলেন, গরিবদের পকেট কেটে শিল্পপতি অনিল আম্বানিকে ৩০ হাজার কোটি টাকা উপহার দিয়েছেন তিনি। বৃহস্পতিবার রাজধানীতে একটি সাংবাদিক সম্মেলনে ফের সরাসরি আক্রমণ করলেন প্রধানমন্ত্রীকে। ফরাসি নিউজ ওয়েবসাইট মিডিয়া পার্ট বুধবার একটি খবর ফাঁস করেছে। এই খবরে দাবি করা হয়েছে, রাফাল ফাইটার জেট সংস্থা একটি নতুন কোম্পানি খুলেছে। সেখানে একজন সিনিয়র কোম্পানি এক্সিকিউটিভ বলেছেন, অনিল আম্বানির রিলায়েন্স ডিফেন্সের সঙ্গে কাজ করতে তাদের বাধ্য করা হয়েছে। ভারত থেকে ৩৬ রাফাল জেটের বরাত পেতেই এই ব্যবস্থা করা হয়। এরপরই ফের মুখ খুললেন রাহুল। প্রসঙ্গত, এর আগে প্রাক্তন ফরাসি রাষ্ট্রপতি জানিয়েছিলেন ভারতের প্রধানমন্ত্রী ফরাসিদের বলেন, রিলায়েন্সের সঙ্গে এই চুক্তি করা উচিত। রাহুলের দাবি, ফ্রাঁসোয়া ওল্যাদেঁর পর রাফাল নিয়ে সংশ্লিষ্ট অফিসারও একই মন্তব্য করলেন। এ থেকে পরিষ্কার, দুর্নীতির বিষয়টি প্রমাণিত হয়। রাহুল এদিন প্রশ্ন তুলেছেন, কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী নির্মলা সীতারামন কেন তড়িঘড়ি ছুটে গিয়েছেন ফ্রান্সে রাফালের প্ল্যান্টে। কেন জরুরি ভিত্তিতে যেতে হয়েছে তাঁকে। মিডিয়া সব জানে, কিন্তু তাদেরও কোনও বিষয়ে রিপোর্ট না করার জন্য চাপ সৃষ্টি করা হচ্ছে বলেও দাবি করেছেন কংগ্রেস সভাপতি। উল্লেখ্য, কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী নির্মলা সীতারামন বুধবার সন্ধেতেই তিন দিনের সফরে ফ্রান্স উড়ে গিয়েছেন।

[redacted]

CD-I/18-19/38
F.No. 37-DB/TN/CDI/PB/18-19/1749 dt. 08.10.2018

e- TENDER NOTICE

The Executive Engineer, Construction Division No.I, A.P.W.D., Port Blair on behalf of the President of India, invites separate sealed item rate tenders [in form C.P.W.D – 8] from the approved and eligible experienced contractors of appropriate class of A.P.W.D., for following works:-

1. **NIT No. :- 45**/NIT/DB/CD-I/PB/18-19, **Name of work:** Re-painting of Fire station building and staff Qtrs along with minor repair works at Garacharma under SD-I, CD-I, APWD, Port Blair. **Estimated Cost: Rs.18,37,949/- Earnest Money : Rs.36,759/- & Time of completion** :-03 [Three] Months **[Tender ID No. APWD1073]**
2. **NIT No. :- 87**/NIT/DB/CD-I/PB/17-18, **Name of work:** Repair & painting of Toilet Block and minor repair of NRSE division office i/c Steel Fabrication stage for PVC water tank, Electricity Dept. at Prothrapur under SDI, CDI, APWD, Port Blair. [Recall] **Estimated Cost : Rs.2,17,744/- Earnest Money : Rs.4,355/-& Time of completion** :-02 [Two] Months **[Tender ID No. APWD1075]**

Tender should be filled on line upto 3.00 PM on or before 23.10.2018. The tender will be opened on the same day at 03.30 PM in presence of tenderers representative if any.

The tender forms and other details can be obtained from the website
https://eproc.andaman.gov.in

Executive Engineer
Construction Division-I
3396/18 A.P.W.D., Port Blair

আবহাওয়া সংক্রান্ত বিপর্যয়ে ২০ বছরে ভারতের ক্ষতি ৭৯.৫ বিলিয়ন মার্কিন ডলার : রাষ্ট্রপুঞ্জ

রাষ্ট্রপুঞ্জ (নিউইয়র্ক)/নয়াদিল্লি, ১১ অক্টোবর : আবহাওয়া সংক্রান্ত বিপর্যয়ে ভারতের আর্থিক ক্ষতির পরিমাণ ৭৯.৫ বিলিয়ন মার্কিন ডলার। সম্প্রতি প্রকাশিত রাষ্ট্রপুঞ্জের একটি রিপোর্টে বিশ্ব অর্থনীতির উপর আবহাওয়ার প্রভাবের কথা বলতে গিয়ে একথা জানানো হয়েছে। রিপোর্টটির নামকরণ করা হয়েছে, 'ইকোনমি লসেস, প্রভার্টি অ্যান্ড ডিজাস্টার্স ১৯৯৮-২০১৭'। সারা বিশ্বে এই কারণে আর্থিক ক্ষতির পরিমাণ ২.৯০৮ ট্রিলিয়ন মার্কিন ডলার। গত দু'দশকে আবহাওয়ার কারণে বিপর্যয়ের জন্য যে ক্ষতি হয়েছে, তার তুলনায় কমপক্ষে দ্বিগুণ বেশি। আবহাওয়ার পরিবর্তনের ফলে বিপর্যয়ের সংকেত ক্রমশ বাড়ছে। আবহাওয়ার মারাত্মক বিপর্যয় সারা পৃথিবীতেই ৭৭ শতাংশ আর্থিক ক্ষতির জন্য দায়ী বলেও জানানো হয়েছে রাষ্ট্রপুঞ্জের রিপোর্টে। আবহাওয়াজনিত কারণে সবচেয়ে বড় ক্ষতি হয়েছে যেসব দেশের তার মধ্যে ভারত ছাড়াও রয়েছে আমেরিকা, চিন, জাপান ও পুয়ের্তো রিকো। প্রবল ঘূর্ণিঝড়, বন্যা এবং ভূমিকম্পের ফলে তিনটি ইউরোপিয়ান দেশ এক ধাক্কায় উঠে এসেছে ১০টি শীর্ষ আর্থিক ক্ষতিগ্রস্ত দেশের তালিকায়। এই তালিকায় যোগ হয়েছে এই কারণে ফ্রান্সের নামও। তাদের ক্ষতির পরিমাণ গত ২০ বছরে ৪৮.২০ বিলিয়ন মার্কিন ডলার। ঘূর্ণিঝড়, বন্যা ও ভূমিকম্পের কারণে গত ২০ বছরে জার্মানির ৫৭.৯ বিলিয়ন, ইতালির ৫৬.৬ বিলিয়ন, থাইল্যান্ডের ৫২.৪ বিলিয়ন এবং মেক্সিকোর ৪৬.৫ বিলিয়ন মার্কিন ডলার ক্ষতি হয়েছে। ১৯৯৮ থেকে ২০১৭ সালের মধ্যে প্রধান দেশগুলির ৯১ শতাংশ ক্ষতির পরিমাণই আবহাওয়া সংক্রান্ত বিপর্যয়। রাষ্ট্রপুঞ্জের মহাসচিব আন্তোনিয় গুতরেজ তাঁর এক বার্তায় বলেছেন, ইন্দোনেশিয়ার ভয়ঙ্কর ভূমিকম্পে ও সুনামির ফলে ওই দেশে প্রতি বছর লক্ষ লক্ষ মানুষ ঘরবাড়ি হারান। ঘরবাড়ি ও চাকরি হারানো সেখানে ভূমিকম্প ও সুনামির নিট ফল। গুতরেজ আরও দাবি করেছেন, এইসব বিপর্যয় থেকে আর্থিক ক্ষতি কমানোর একমাত্র উপায় দারিদ্র থেকে মুক্তি। নিম্ন ও মধ্য আয়ের দেশগুলির উপরই এইসব আবহাওয়াজনিত বিপর্যয়ের প্রভাব বেশি করে পড়ে।

তিরুবনন্তপুরমে বৃহস্পতিবার সবরীমালায় আয়াপ্পা মন্দিরে মহিলাদের প্রবেশের অনুমতির বিরুদ্ধে ভারতীয় জনতা যুব মোর্চা বিক্ষোভ দেখায়। তাদের ছত্রভঙ্গ করতে পুলিশ কাঁদানে গ্যাস ব্যবহার করে।

[redacted]

No. 7-531/ LS/2018/7077 Port Blair dated October' 2018

NOTICE

It is brought to the notice of the general public that Shri. Rashid Yusoof S/o Yusoof Ismail Malim R/o RGT Road, Port Blair has applied for the grant of bar license for Prop. M/s Feel Good Bar & Restaurant, Rasheed Building, RGT Road, Port Blair.

In this regard, if any person has any objection to this, he/she may file objection in writing along with the proofs thereof to the office of the Deputy Commissioner (South Andaman), Port Blair within 15 days of the issue of this notice.

Objections received after the stipulated period will not be entertained.

Only those objections which attract provisions contained in the Excise Regulations, Rules, Policy and guidelines will be examined.

3387/18 **Assistant Commissioner (HQ)/AC (Excise)**